গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৭.৯৯.০০২.১৫.৬৭

তারিখ ঃ ০৪ মাঘ, ১৪২২ বঙ্গাব্দ।
১৭ জানুয়ারি, ২০১৬ খ্রিঃ।

বিষয় ঃ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরসমূহের মাঠ পর্যায়ের অফিস ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবনে স্থানান্তর প্রসংগে।

সূত্র ঃ স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-ইপ/বিবিধ-১৪/২০০১/৮২১, তারিখঃ ২৫.০৬.২০০৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, তৃণমূল পর্যায়ে জনসাধারণকে One Stop Service প্রদানের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবনে নিম্নবর্ণিত মন্ত্রণালয়/বিভাগের ইউনিয়ন পর্যায়ের অফিস স্থানান্তরের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছিল (কপি সংযুক্ত):

(১) কৃষি সম্প্রসারণ (২) পশু সম্পদ (৩) আনসার ভিডিপি (৪) ডিপিএইচই (৫) বিআরডিবি (৬) শিক্ষা (৭) এলজিইডি।

এ ছাড়া স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৬৩ ধারা অনুযায়ী "নিধারিত শর্ত সাপেক্ষে পরিষদের সাধারণ বা বিশেষ কার্য সম্পাদনের লক্ষ্যে সরকার তৃতীয় তফসিলে বর্ণিত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, সমাজকল্যান মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়ের কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, স্থানীয় সরকার বিভাগের অধিনস্থ এলজিইডি ও জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আনসার ও ভিডিপি অধিদপ্তরের সরকারি কর্মকর্তা বা কর্মচারী এবং তাহাদের কার্যাবলী নির্ধারিত সময়ের জন্য পরিষদে হস্তান্তর করিতে পারিবে, উক্তরূপে হস্তান্তরিত কর্মকর্তা বা কর্মচারীগণ সংশ্লিষ্ট পরিষদের ব্যবস্থাপনায় দায়িত্ব পালন করিবেন।" কিন্তু দেশের অনেক ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবনে কক্ষ বরাদ্দ রাখা হলেও অফিসসমূহ স্থানান্তর করা হয়নি।

০২. এমতাবস্থায়, তাঁর জেলার সকল ইউনিয়ন পরিষদের বর্ণিত অফিসসমূহ স্থানান্তর নিশ্চিত করে স্থানীয় সরকার বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(শরীফা আহমেদ)
সিনিয়র সহকারী সচিব
☎ ৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

বিতরণ (কার্যার্থে)ঃ

১। জেলা প্রশাসক (সকল)।
২। উপপরিচালক, স্থানীয় সরকার (সকল জেলা)।

অনুলিপিঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
২। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

আত জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ

ইপ-শাখা।

স্মারক নং- ইপ/বিবিধ-১৪/২০০১/৮২৭, তারিখঃ- ২৫-০৬-০৭ইং

বিষয়ঃ- বিভিন্ন মন্ত্রণালয় /বিভাগ/দপ্তরসমূহের মাঠ পর্যায়ের অফিসের জন্য ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবনে কক্ষ সংরক্ষণ এবং অফিস স্থানান্তর প্রসংগে।

সূত্রঃ- স্থানীয় সরকার বিভাগ, ডি ও নং - ইপ/বিবিধ-১৪/২০০১/৫৭৭(৬৪) তারিখঃ- ১০-০৫-২০০৭ খ্রিঃ

তৃণমুল পর্যায়ে জনসাধারণকে One stop service প্রদানের লক্ষ্যে সরকার পর্যায়ক্রমে দেশের সকল ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ কাজ বাস্তবায়ন করছে। অনুমোদিত পিপি অনুযায়ী ইউনিয়ন পরিষদ এবং বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরসমূহের মাঠ পর্যায়ের অফিসের জন্য ইউপি কমপ্লেক্স ভবনে নিম্নরুপভাবে কক্ষের সংস্থান রাখা হয়েছে ঃ

মূল অংশ ঃ- ১। চেয়ারম্যান- ১টি, ২। সদস্য ও সদস্যা-১টি ৩। ইউপি সচিব -১টি, ৪। মিটিং রুম-১টি।

সম্প্রসারিত অংশঃ- ১। কৃষি সম্প্রসারণ-১টি ২। পশু সম্পদ-১টি ৩। আনসার ভিডিপি-১টি ৪। ডিপিএইচই-১টি ৫। বিআরডিবি-১টি ৬। শিক্ষা-১টি ৭। এলজিইডি-১টি ৮। পরিদর্শন কক্ষ-১টি

২। এ প্রসংগে উল্লেখ্য যে, মন্ত্রিপরিষদ বিভাগের ২৬-০৬-২০০৫ তারিখের ৭২ নং স্মারকের মাধ্যমে এবং এ বিভাগের সূত্রোক্ত আধা-সরকারি পত্রমূলে ইউপি কমপ্লেক্স ভবনে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের ইউনিয়ন পর্যায়ের অফিস স্থানান্তরের কার্যক্রম ত্বরান্বিত করার জন্য সংশ্লিষ্টদেরকে অনুরোধ জানানো হয়। কিন্তু আজ পর্যন্ত আপনার বিভাগের অধীন ইউনিয়ন পর্যায়ের অফিস উক্ত ভবনে স্থানান্তর করা হয়নি।

৩। এমতাবস্থায় নির্মিত সকল ইউপি কমপ্লেক্স ভবনে আপনার অধীন ইউনিয়ন পর্যায়ের অফিস আগামী ১০-০৭-০৭ খ্রিঃ তারিখের মধ্যে স্থানান্তর নিশ্চিতকরণ পূর্বক এ বিভাগকে অবহিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৫.৬.০৭

(ড. মোছাম্মৎ নাজমানারা খানুম)
উপ- সচিব
ফোন- ৭১৬৭১৪৫।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মান প্রকল্প
আগারগাঁও, ঢাকা-১২০৭।

স্মারক নং-এলজিইডি/পিডি(ইউসিসিপি)/এস-০৪/০৬/১৮৫৬/১(১০২৬) তারিখঃ ০২-০৭-০৭ইং। ১৮-০৩-১৪বাং।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থার জন্য দেওয়া হলো।

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, ------------------ অঞ্চল, জেলাঃ ------------------।

২। নির্বাহী প্রকৌশলী(সকল), এলজিইডি, জেলাঃ ------------------।

৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা(সকল), উপজেলাঃ ------------------, জেলাঃ ------------------।

৪। উপজেলা প্রকৌশলী(সকল), এলজিইডি, উপজেলাঃ ------------------, জেলাঃ ------------------।

২/৭/০৭ইং

(এ, তাহের খান)
প্রকল্প পরিচালক।

উপানুষ্ঠানিক পত্র

সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ডি.ও. নং ইপ/নিধধ-১৪/২০০১/৬৭৭(৬৪)

তারিখ: ১০/০৫/২০০৭

প্রিয় জেলা প্রশাসক,

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, সরকার তৃণমূল পর্যায়ে জনসাধারণকে One Stop Service প্রদানের লক্ষ্যে পর্যায়ক্রমে দেশের সকল ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ কাজ বাস্তবায়ন করছে। অনুমোদিত পিপি অনুযায়ী বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরসমূহের মাঠ পর্যায়ের অফিসের জন্য কমপ্লেক্স ভবনে কক্ষ বন্টন আদেশ এ বিভাগের ১৪-০৬-২০০৫ তারিখের ৬৯৫ নং স্মারকে জারি করা হয়েছে। জারিকৃত আদেশ অনুযায়ী বন্টন ব্যবস্থা নিম্নরূপ:

মূল অংশ: ১। চেয়ারম্যান ১টি, ২। সদস্য ও সদস্যা ১টি, ৩। ইউপি সচিব ১টি, ৪। মিটিং রুম ১টি।

সম্প্রসারিত অংশ: ১। কৃষি সম্প্রসারণ ১টি, ২। পশু সম্পদ ১টি, ৩। আনসার ভিডিপি ১টি, ৪। ডিপিএইচই ১টি, ৫। বিআরডিবি ১টি, ৬। শিক্ষা ১টি, ৭। এলজিইডি ১টি, ৮। পরিদর্শন কক্ষ ১টি।

এ প্রসঙ্গে উল্লেখ্য যে, মন্ত্রিপরিষদ বিভাগের ২৬-০৬-২০০৫ তারিখের ৭২ নং স্মারকে ইউপি কমপ্লেক্স ভবনে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের অফিস স্থানান্তরের কার্যক্রম ত্বরান্বিত করার জন্য আপনাকে অনুরোধ জানানো হয়েছিল। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে, যে সকল ইউপি কমপ্লেক্স ভবন নির্মাণ কাজ ইতোমধ্যে সম্পন্ন করে সংশ্লিষ্ট চেয়ারম্যানের নিকট হস্তান্তর করা হয়েছে সে সকল ইউপি কমপ্লেক্স ভবনে আশানুরূপ দ্রুততায় সংশ্লিষ্ট অফিসসমূহ স্থানান্তরিত হচ্ছে না। ফলে One Stop Service প্রদান সংক্রান্ত সরকারের প্রত্যাশা পূরণ ব্যাহত হচ্ছে।

এমতাবস্থায়, নির্মিত সকল ইউপি কমপ্লেক্স ভবনে বর্ণিত অফিসসমূহ সত্ত্বর স্থানান্তরের বিষয়টি নিশ্চিত করে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ জানাচ্ছি।

স্বা/:
(সফর রাজ হোসেন)
সচিব

জেলা প্রশাসক
...................: জেলা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(ইপ শাখা)

স্মারক নং- ইপ/বিবিধ-১৪/২০০১/৬৯৫ তারিখ: ১৪/০৬/২০০৫ ইং

বিষয়: অনুমোদিত প্রকল্প প্রস্তাবনা অনুযায়ী ইউপি কমপ্লেক্স ভবনের কক্ষ পুনঃবরাদ্দ প্রসঙ্গে।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের ৩০-০৩-০২ তারিখের মপবি/জেপ্র-৪/২(৬১)/৯৩-২০০২/৫৭৩ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২৬-০৬-০১ ইং তারিখে ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবনের একনেক কর্তৃক অনুমোদিত পি.পি.তে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরসমূহের মাঠ পর্যায়ের অফিসের জন্য নিম্নরূপভাবে কমপ্লেক্স ভবনে কক্ষের সংস্থান রাখা হয়েছে।

মূল অংশ: ১। চেয়ারম্যান-১টি ২। সদস্য ও সদস্যা-১টি ৩। ইউপি সচিব-১টি ৪। মিটিং রুম-১টি

সম্প্রসারিত অংশ: ১। কৃষি সম্প্রসারণ-১টি ২। পশু সম্পদ-১টি ৩। আনসার ভিডিপি-১টি ৪। ডিপিএইচই-১টি ৫। বিআরডিবি-১টি ৬। শিক্ষা-১টি ৭। এলজিইডি-১টি ৮। পরিদর্শন রুম-১টি।

এমতাবস্থায় অনুমোদিত পিপি অনুযায়ী সকল ইউপি কমপ্লেক্স ভবনে উপরোক্তভাবে কক্ষ পুনঃবরাদ্দ বণ্টন আদেশ নির্দেশক্রমে জারী করা হলো।

স্বা/: ১৪/৬/২০০৫
(ডঃ মোছাম্মৎ নাজমানারা খানুম)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৭১৬৭১৪৫।

বিতরণ:

১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। মহাপরিচালক, বিআরডিবি, কাওরান বাজার, ঢাকা।
৬। প্রধান প্রকৌশলী, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।
৭। প্রধান প্রকৌশলী, ডিপিএইচই, কাকরাইল, ঢাকা।
৮। জেলা প্রশাসক, ... ।

সদয় জ্ঞাতার্থে:-

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।